গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সাপাহার, নওগাঁ
www.acl.sapahar.naogaon.gov.bd

স্মারক নম্বর : ৩১.৪৩.৬৪৮৬.০০০.০৭.০১৪.২৪-৬২ তারিখ : ১৫/০১/২০২৪

**নওগাঁ জেলাধীন সাপাহার উপজেলার ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল বাংলা ১৪৩১-১৪৩৩ সন মেয়াদে ইজারার অনলাইন আবেদনপত্র আহ্বান বিজ্ঞপ্তি**

এতদ্বারা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ নিবন্ধনকৃত মৎস্যচাষে সম্পৃক্ত সমবায় সমিতি/ সংগঠনের অথবা যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতি অথবা সমাজভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনার অনুকরণে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/ জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানের ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর অথবা সমাজসেবা অধিদপ্তর এর স্থানীয় অফিসে নিবন্ধিত/ একক সমিতি/ সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের ০২/১১/২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১).৬৬২ নম্বর প্রজ্ঞাপনে সরকারি জলমহাল ইজারার জন্য সকল আবেদন অনলাইনে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০ একর পর্যন্ত ইজারাযোগ্য (অনুমোদিত তালিকায় বর্ণিত) বদ্ধ জলমহাল শর্তসাপেক্ষে বাংলা **১৪৩১-১৪৩৩ সন পর্যন্ত** ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগামী **০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন (২৩/০১/২০২৪ থেকে ১৬/০২/২০২৪) পর্যন্ত** ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে **jm.lams.gov.bd** লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে জলমহাল ইজারার জন্য আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, জামানত বাবদ ২০% হিসেবে প্রদত্ত বিডি/পে-অর্ডারের মূলকপি ও আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ৫০০ (পাঁচশত) টাকার বিডি/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে **০৩ ফাল্গুন এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের (১৮/০২/২০২৪ হতে ২০/০২/২০২৪)** মধ্যে নিম্নস্বাক্ষরকারীর (অফিস চলাকালীন সময়) কার্যালয়ে দাখিল করতে হবে। ভুল তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ আবেদন বিবেচনাযোগ্য নয়। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও ভূমি মন্ত্রণালয় থেকে অনলাইনে ইজারা প্রদান বিষয়ে সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন অনুসারে ইজারা কার্যক্রম পরিচালিত হবে এবং এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), সাপাহার কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।

প্রকাশ থাকে যে, অনুমোদিত তালিকায় ইজারাযোগ্য জলমহাল সংযোজন বা বিয়োজন হতে পারে। ইজারা বিজ্ঞপ্তি **www.sapahar.naogaon.gov.bd** ও **www.acl.sapahar.naogaon.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে। বিজ্ঞপ্তির যে কোনো শর্ত সংযোজন/ বিয়োজন/ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৫/০১/২০২৪

মোঃ মাসুদ হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সাপাহার, নওগাঁ

CamScanner

<u>শর্তাবলি</u>

১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী শুধুমাত্র নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক ২০.০০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারার জন্য অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন দাখিল করতে হবে। ক্রয়কৃত দরপত্র/আবেদন ফরমটি পূরণপূর্বক অনলাইনে চাহিত অন্যান্য কাগজপত্রের সাথে প্রয়োজনীয় তথ্য সংযোজন/আপলোড করতে হবে। আপলোডকৃত চাহিত সকল কাগজপত্রের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে ইজারা বিজ্ঞপ্তিতে প্রকাশিত নির্ধারিত সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাপাহার, নওগাঁয় দাখিল করতে হবে। অনিবন্ধনকৃত কোনো সমিতি/সংগঠন আবেদন করতে পারবেনা।

২. কোনো খেলাপী সমবায় সমিতি/সংগঠন ইজারায় অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন এবং তারা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন না।

৩. কোনো সমবায় বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত সমিতি/সংগঠন ০২ টির অধিক পুকুর/জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

৪. ইজারার মেয়াদ বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ১৪৩৩ সালের ৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে। ইজারা বিজ্ঞপ্তিতে ঘোষিত সময় অনুযায়ী আবেদন ফরম ক্রয় ও দাখিল করা যাবে। নির্ধারিত তারিখে কোনো কারণে যদি সরকারি ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরদিন হতে আবেদন বিক্রি বা গ্রহণের তারিখ প্রযোজ্য হবে।

৫. অনলাইনে দাখিলকৃত আবেদনের সাথে উদ্ধৃত দরের (৩ বছরের মোট ইজারা মূল্যের) ২০% হারে জামানত উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার নওগাঁর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং অনলাইনে চাহিত কাগজপত্রের প্রিন্টেড কপি/হার্ডকপি পূরণকৃত আবেদন ফরমসহ জমা দিতে হবে।

৬. দাখিলকৃত দর অনুমোদন হওয়ার বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট পুকুর/জলমহালের ০৩ (তিন) বছরের সমুদয় ইজারামূল্য, ১৫% ভ্যাট, ১০%আয়কর পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং ঐ পুকুর/জলমহাল খাস কালেকশন করা হবে। জামানতের ২০% অর্থ বাদে সমুদয় ইজারামূল্য, ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে। ইজারা অর্থ কোনভাবেই আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৭. টেন্ডারে গৃহীত ইজারামূল্য ০৩ ( তিন) বছর অপরিবর্তিত থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে জলমহালগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে দরপত্র দাখিল করতে হবে। উক্ত বিষয়ে পরবর্তীতে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৮. ইজারা প্রদত্ত জলমহালের ০৩ (তিন) বছরের ইজারা মূল্য পরিশোধ করার পর দরপত্র দাতাকে নিজ দায়িত্বে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সহ ৩০০/ (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে। চুক্তিনামা সম্পাদন না করা হলে পরবর্তীতে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট হতে দখল বুঝে নেয়ার পর উক্ত পুকুরের বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য নহে।

৯. ইজারা গ্রহণকারী সমিতি কর্তৃক কোনো অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক অন্য কোনো ব্যক্তি বা সমিতির নিকট হস্তান্তর বা সাব-লীজ প্রদান করা যাবে না। অনুরূপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতসহ জমাকৃত মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। অভিযুক্ত ইজারা গ্রহণকারী সমিতি পরবর্তী ০৩ (তিন) বছর কোনো জলমহালের ইজারা সংক্রান্ত টেন্ডারে অংশগ্রহণ করতে পারবে না।

১০. কোনো ব্যক্তি বা সমিতি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে (টেন্ডারে অংশগ্রহণকারী সংক্ষুব্ধ সমিতি/ব্যক্তি যদি জামানত ফেরৎ না নিয়ে থাকেন তবে) ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের নিকট আপীল দায়ের করতে পারবেন।

CS CamScanner

১১. আবেদন গৃহীত হলে আবেদনকারীকে ইজারা মূল্য বাবদ অর্থ (কোড নং- ১-৪৬৩১-০০০০-১২৬১) এবং ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট (০১-১১৩৩-০০২০-০৩১১ নং কোডে) ও ১০% আয়কর (০১-১১৪১-০০৬০- ০১১১ নম্বর কোডে) ট্রেজারী চালানের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যাংকে জমা দিয়ে চালানের মূলকপি অফিসে দাখিল করতে হবে।

১২. সায়রাতমহাল ইজারার ক্ষেত্রে সরকারি নীতিমালা জারী হলে তা ইজারাদারের জন্য মেনে চলা বাধ্যতামূলক।

১৩. ইজারা প্রদান বিলম্বের কারণে ইজারা অর্থ আংশিক বা হারাহারিভাবে প্রদেয় হবে না অথবা খাসে আদায়কৃত অর্থও ইজারাদারকে প্রদান করা হবে না। আবেদনপত্রের খামে সায়রাতমহালের নাম, মৌজা, দাগ নং, পরিমাণ ইত্যাদি উল্লেখ করতে হবে।

১৪. বছরের যে সময়েই ইজারা প্রদান করা হোক না কেন তা ০১ বৈশাখ ১৪৩১ হতে ৩০ চৈত্র ১৪৩৩ পর্যন্ত অর্থাৎ সম্পূর্ণ বছরের জন্য গণ্য করা হবে।

১৫. ভুয়া আবেদনকারী প্রমাণিত হলে/পাওয়া গেলে তার আবেদন বাতিল করতঃ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. ইজারা বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত কোনো পুকুরের মালিকানা নিয়ে জটিলতা থাকলে কিংবা আদালতের কোন নিষেধাজ্ঞা থাকলে কর্তৃপক্ষ ইজারা কার্যক্রম বাতিল / স্থগিত করতে পারবেন অথবা আদালতের আদেশের পরিপ্রেক্ষিতে সিদ্ধান্ত নিতে পারবেন।

১৭. সুনির্দিষ্ট বা যুক্তিসংগত বা বিধি মোতাবেক কোনো কারণে কোন পুকুর/জলমহালের ইজারা বাতিল করা হলে এবং ঐ পুকুর/জলমহালের ইজারামূল্য, আয়কর, ভ্যাট সংশ্লিষ্ট কোডে ইতোমধ্যে জমা করলে সরকারি কোডে জমাকৃত অর্থ কোনো অবস্থাতেই ফেরতযোগ্য নয়।

১৮. আবেদন উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার, নওগাঁ বরাবরে দাখিল করতে হবে।

১৯. মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান আইন এবং সময় সময় জারিকৃত সরকারি বিধি বিধান অনুসরণ করা ইজারাদারের জন্য বাধ্যতামূলক।

২০. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সকল সংশোধনীসহ) এবং সরকার ঘোষিত সর্বশেষ প্রজ্ঞাপন/পরিপত্র অনুযায়ী অন্যান্য শর্তাবলি প্রযোজ্য হবে এবং বিধি মোতাবেক ও প্রয়োজনে যে কোনো আবেদন গ্রহণ/বাতিল এবং ইজারা বাতিল বা টেন্ডার স্থগিত বা জনস্বার্থে যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি বা উপযুক্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৫/০৩/২৪

মোঃ মাসুদ হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সাপাহার, নওগাঁ

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলাভূমিঅফিস
সাপাহার, নওগাঁ
www.acl.sapahar.naogaon.gov.bd

স্মারক নং- ৩১.৪৩.৬৪৮৬.০০১.০১.০১৪.২৪ - ৩২(২২) তারিখ ঃ তারিখ : ১৫/০১/২০২৪

**সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১. বীর মুক্তিযোদ্ধা জনাব সাধন চন্দ্র মজুমদার,মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সংসদ সদস্য ৪৬, নওগাঁ-১
০২. জেলা প্রশাসক, নওগাঁ
০৩. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ,সাপাহার, নওগাঁ
০৫. উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার, নওগাঁ

**অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলো:**

০৬. উপজেলা.......................................................................কর্মকর্তা, সাপাহার, নওগাঁ **(তার অফিস নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি ঝুলিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)**
০৭. সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাপাহার, নওগাঁ **(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
০৮. চেয়ারম্যান .............................................ইউ,পি (সকল) ,সাপাহার, নওগাঁ **(বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নাধীন হাট-বাজারসমূহে ঢোল শহরতের মাধ্যমে এবং নোটিশ বোর্ডে ঝুলিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)**
০৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................................ইউনিয়ন ভূমি অফিস(সকল), সাপাহার, নওগাঁ **(বিজ্ঞপ্তিটি তার তহশিলের আওতাধীন হাট-বাজারসমূহে ঢোল শহরতের মাধ্যমে এবং নোটিশ বোর্ডে ঝুলিয়ে ব্যাপক প্রচারান্তে জারির কপি দরপত্র দাখিলেরপূর্বেই নিম্নস্বাক্ষরকারীর অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)**
১০. সভাপতি/সম্পাদক, সাপাহার প্রেস ক্লাব, সাপাহার, নওগাঁ
১১. সম্পাদক ও প্রকাশক, **"দৈনিক উপচার" (উল্লিখিত বিজ্ঞাপনটি তার পত্রিকার ভিতরের পাতায় স্বল্প (ন্যূনতম) পরিসরে এক দিনের জন্য প্রচারের নিমিত্ত অনুরোধ করা হলো)**
১২. অফিস কপি/নোটিশ বোর্ড

15.01.2024

শারমিন জাহান লুনা
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সাপাহার, নওগাঁ
e-mail: aclandsapahar@gmail.com

CamScanner